# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 23 April, 2025

তুরস্কে রিখটার স্কেলে ৬ দশমিক ২ মাত্রার শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে।বুধবার স্থানীয় সময় দুপুরের দিকে দেশটিতে এই ভূমিকম্প আঘাত হেনেছে বলে জানিয়েছে জার্মানির ভূমিকম্প গবেষণা সংস্থা জার্মান রিসার্চ সেন্টার ফর জিওসায়েন্সেস (জিএফজেড)।

জিএফজেডের বরাত দিয়ে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স বলেছে, ৬ দশমিক ২ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে কেঁপে উঠেছে তুরস্ক।ভূপৃষ্ঠ থেকে প্রায় ১০ কিলোমিটার ভূগর্ভে এই ভূমিকম্পের উৎপত্তি হয়েছে।

তবে তুরস্কে আঘাত হানা এই ভূমিকম্পে কোনও ক্ষয়ক্ষতি কিংবা হতাহত হয়েছে কি না, তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

তুরস্ক ভূমিকম্প

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:28

URL: https://www.timestodaybd.com/public/international/7758071323